**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
(নব নিয়োগ ও শৃংখলা শাখা)
২৮, শহীদ তাজউদ্দিন আহমেদ স্মরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।
web:www.dlrs.gov.bd

স্মারক নং-৩১.০৩.০০০০.২০৬.২৭.০০২.১৮-                                        তারিখ ঃ -২৫/০৯/২০১৯ খ্রি.।

**"এ অধিদপ্তরে রুজুকৃত ০০২/১৮নং বিভাগীয় মামলার আদেশ"**

যেহেতু, আপনি জনাব মোঃ আবু জাফর সিদ্দিক, খারিজ সহকারী গত ০৩/১১/২০১৮ খ্রি. হতে ১৩/১১/২০১২খ্রি. তারিখ পর্যন্ত সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিসে ভারপ্রাপ্ত পেশকার ও রেকর্ড কিপার এর দায়িত্বে নিয়োজিত থাকাকালীন মৌজার যাবতীয় রেকর্ড ভলিউম, আপিত্তি/আপিল কেস নথি, সকল প্রকার রেজিষ্টার ইত্যাদি আপনার সংরক্ষণে ছিল। আপনাকে কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিস হতে সাতক্ষীরা সদর উপজেলা সেটেলমেন্ট অফিসে বদলী করা হয় এবং গত ১৩/১১/২০১২খ্রি. তারিখ কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিস হতে অবমুক্ত করা হয়। আপনার উপর ন্যস্তকৃত দায়িত্বভার যথাযথভাবে হস্তান্তর না করেই বদলিকৃত কর্মস্থলে যোগদান করেন এবং মৌজার চূড়ান্ত প্রকাশনা দিয়ে মুদ্রিত খতিয়ান ও নকসার বিক্রয় লব্দ অর্থ যথাযথভাবে সরকারি কোষাগারে জমা প্রদান করেননি মর্মে কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিসের গত ২২/১১/২০১২খ্রি. তারিখের ২২(২)কালিঃ নং স্মারকের প্রতিবেদনে উল্লেখ করা হয়। কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিসে আপনার উপর ন্যস্তকৃত দায়িত্বভার তথা ঐ কার্যালয়ের যাবতীয় রেকর্ডপত্র, আপত্তি/আপিল কেস নথি, অন্যান্য রেজিস্টার, নথিপত্র ইত্যাদি বুঝিয়ে না দেয়ায় জোনাল সেটেলমেন্ট অফিসারের কার্যালয়, খুলনা হতে একাধিকবার কারণ দর্শানোসহ অবিলম্বে রেকর্ডপত্র, আপত্তি/আপিল কেস নথি, সকল প্রকার রেজিস্টার ইত্যাদি বুঝিয়ে দেয়ার নির্দেশ প্রদান করা হলেও আপনি দায়িত্বভার বুঝিয়ে না দিয়ে এবং কারণ দর্শানোর জবাব দাখিল না করে উর্দ্ধতন কর্তৃপক্ষের আইন সংগত আদেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন করেন;

যেহেতু, জোনাল সেটেলমেন্ট অফিসারের কার্যালয়, খুলনার গত ৩১/০৮/২০১৪খ্রি. তারিখের ১৭৪১নং স্মারকাদেশে সংযুক্তির মাধ্যমে আপনাকে পুনরায় কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিসে নিয়োগ করা হয় এবং গত ০৭/০৯/২০১৪খ্রি. তারিখে কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিসে যোগদান করে ঐ কার্যালয়ের ভারপ্রাপ্ত পেশকার ও রেকর্ড কিপার-এর দায়িত্ব পালন করেন। পরবর্তীতে জোনাল সেটেলমেন্ট অফিসারের কার্যালয়, খুলনার গত ০১/০৩/২০১৬খ্রি. তারিখের ৩৯৭নং স্মারকে আপনাকে জনস্বার্থে খুলনা জেলার পাইকগাছা উপজেলা সেটেলমেন্ট অফিসে বদলি করা হলে গত ২০/০৪/২০১৬খ্রি. তারিখে কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিস হতে ছাড় পত্র প্রদান করা হয়। তখনো আপনি প্রতিভূ কর্মচারীর নিকট দায়িত্বভার হস্তান্তর না করে নতুন কর্মস্থলে যোগদান করেন মর্মে কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিস হতে গত ১০/০৫/২০১৬ খ্রি. তারিখের ৩৯নং স্মারকে অবহিত করা হয়। তৎপরিপ্রেক্ষিতে জোনাল সেটেলমেন্ট অফিসার, খুলনার গত ০১/১১/২০১৬খ্রি. তারিখের ১৮৮৪নং স্মারকে আপনাকে ০৩(তিন) দিনের মধ্যে সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিসে উপস্থিত হয়ে সকল মৌজার আপত্তি ও আপিল কেস নথি এবং মৌজার রেকর্ডপত্র দায়িত্বপ্রাপ্ত পেশকার/রেকর্ড কিপারের নিকট চালান মারফত হস্তান্তরের জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হয়। পরবর্তীতে আপনি কালিগঞ্জ উপজেলা সেটেলমেন্ট অফিসে গিয়ে মাত্র ৮টি মৌজার আংশিক আপত্তি/আপিল কেস নথির হিসাব প্রদান করেন এবং উদেশ্য প্রণোদিতভাবে অবশিষ্ট ২৩৪টি মৌজার আপত্তি/আপিল কেস নথি ও রেকর্ডপত্র অদ্যাবধি বুঝিয়ে দেননি;

যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ ও আচরণ একজন সরকারি কর্মচারী হিসেবে দায়িত্বের প্রতি চরম অবহেলা ও উর্দ্ধতন কর্তৃপক্ষের আইন সংগত আদেশের প্রতি ক্রমাগতভাবে অবজ্ঞা প্রদর্শন করার পরিচয় বহন করে, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতির পর্যায়ভুক্ত গুরুতর শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতির অপরাধে আপনার বিরুদ্ধে এ অধিদপ্তরে ০০২/২০১৮নং বিভাগীয় মামলা রুজু করা হয়। অভিযুক্তের বরাবরে বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গত ০৫/০৯/২০১৮খ্রি. তারিখে জারী করা হয় এবং আপনি গত ২২/১০/২০১৮খ্রি. তারিখ লিখিত জবাব দাখিল করেন। আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য এ অধিদপ্তরের উপ-পরিচালক(জরিপ) জনাব আবি আবদুল্লাহ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর **৩(খ) ও ৩(ঘ) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;** এবং

যেহেতু, আপনার বরাবরে এ অধিদপ্তরের গত ২১/০৫/২০১৯খ্রি. তারিখের ১৫২নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়। কিন্তু আপনি দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

সেহেতু, আপনি জনাব মোঃ আবু জাফর সিদ্দিক, খারিজ সহকারী, উপজেলা সেটেলমেন্ট অফিস, পাইকগাছা, খুলনা (প্রাক্তণ খারিজ সহকারী, উপজেলা সেটেলমেন্ট অফিস, কালিগঞ্জ, সাতক্ষীরা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত করতঃ একই বিধিমালার ৪(৩)(গ) বিধি মোতাবেক **"চাকুরী হতে অপসারণ (Removal from Service)"** দন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**স্বাক্ষরিত/=**
**(মোঃ তসলীমুল ইসলাম** এনডিসি)
মহাপরিচালক
ফোন ঃ ৮১৭০৪৮৫(অঃ)

জনাব মোঃ আবু জাফর সিদ্দিক,
খারিজ সহকারী,
উপজেলা সেটেলমেন্ট অফিস, পাইকগাছা, খুলনা
(প্রাক্তণ খারিজ সহকারী, উপজেলা সেটেলমেন্ট অফিস, কালিগঞ্জ, সাতক্ষীরা)।

স্মারক নং-৩১.০৩.০০০০.২০৬.২৭.০০২.১৮- ৩০৭/৭(৮) তারিখ ঃ -২৫-/০৯/২০১৯ খ্রি.।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। জোনাল সেটেলমেন্ট অফিসার, খুলনা। (এতদসংগে সংযুক্ত অভিযুক্তের নামীয় কপি বিশেষ বাহক মারফত জারির ব্যবস্থা করে প্রমাণপত্র এ অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খুলনা।
৪। উপজেলা সেটেলমেন্ট অফিস, পাইকগাছা, খুলনা/কালিগঞ্জ, সাতক্ষীরা।
৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাইকগাছা, খুলনা/কালিগঞ্জ, সাতক্ষীরা।
৬। সংস্থপন-১ শাখা, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৭। হিসাব ও বাজেট শাখা, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৮। পি,এ,টু মহাপরিচালক, ভূমি রেকড ও জরিপ অধিদপ্তর; মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

**(আবি আবদুল্লাহ)**
**উপ-পরিচালক (প্রশাসন)**
ফোন ঃ ৯১১৪০৭৮(অঃ)